

বাংলাদেশ স্কাউটস এর এডাল্ট লিডারদের আচরণবিধি

বাংলাদেশ স্কাউটস এর বয়স্ক নেতাদের আচরণবিধি বাংলাদেশ স্কাউটস এর সকল বয়স্ক নেতার আচরণ নিয়ন্ত্রণ করে এবং প্রত্যাশা করে যে তাঁরা কর্তব্যের প্রতি যত্নবান হবেন আর আন্দোলনের মূল নৈতিক ভিত্তি স্কাউট প্রতিজ্ঞা ও আইন অনুযায়ী কাজ করবেন। সেবাদানের সর্বোত্তম চর্চাই বাংলাদেশ স্কাউটস এর সকল কার্যাবলীর ভিত্তি। এই বিধি এরূপ কার্য সম্পাদনের উপায় হিসেবে গণ্য হবে।

বাংলাদেশ স্কাউটসের এডাল্ট লিডারগণ আবশ্যিকভাবে :

- ১। স্কাউট প্রতিজ্ঞা, আইন, গঠন ও নিয়ম মেনে চলবেন এবং সম্মুখ রাখবেন।
- ২। স্কাউট নীতিমালার সাথে সংগতিপূর্ণ নয় এমন কোনো নিজস্ব বিশ্বাস, আচরণ বা রীতি প্রতিষ্ঠার উদ্দেশ্যে কিংবা ব্যক্তিগত লাভের অভিপ্রায়ে আন্দোলনকে ব্যবহার করবেন না।
- ৩। ব্যক্তিগত বিষয়ের গোপনীয়তা রক্ষা করাসহ নিজেদের ও অন্যদের অধিকার ও মর্যাদার প্রতি শ্রদ্ধাশীল থাকবেন।
- ৪। সকল সেবামূলক কাজে জাতি, ধর্ম, লিঙ্গ, জাতীয়তা, স্বতন্ত্র বৈশিষ্ট্য ইত্যাদির উর্ধ্বে থেকে মানবিক অপরিহার্যতাকে সম্মুখ রাখবেন।
- ৫। আন্দোলনের ভেতরে ও বাইরে উভয়ক্ষেত্রেই সকল ব্যক্তির সাথে সম্পর্কের ক্ষেত্রে সদীচ্ছা ও সুবিবেচনার পরিচয় প্রদান করবেন।
- ৬। আন্দোলনের নীতি কিংবা উদ্দেশ্যের সাথে সাংঘর্ষিক কাজে আন্দোলনকে ব্যবহার বা স্বীয় উদ্দেশ্য সাধনে কাউকে বাধ্য করতে পারবেন না।
- ৭। শারীরিক বা মৌখিক নির্যাতন, যৌন হয়রানি, হুমকি প্রদান বা পীড়ন, অবহেলা অথবা অন্য কোনো উপায়ে এ জাতীয় কাজ থেকে বিরত থাকতে “নিরাপত্তা নীতি” কঠোরভাবে অনুসরণ করবেন।
- ৮। শিশু-কিশোর-যুবদের উপস্থিতিতে তামাক ও তামাকজাত দ্রব্য ব্যবহার ও অপব্যবহার থেকে বিরত থাকবেন।
- ৯। বাংলাদেশ স্কাউটস এর আওতাভুক্ত এলাকায় মদ্য, মাদকদ্রব্য, জুয়া, আসক্তি জাগায় এমন রাসায়নিক দ্রব্য এবং নিষিদ্ধ বিষয়াদি ব্যবহার ও প্রদর্শন করবেন না।
- ১০। যে কোনো ধরনের তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কারো সাথে যোগাযোগ স্থাপনের ক্ষেত্রে স্কাউট নীতিসমূহ মেনে চলবেন।

আচরণবিধির কোন বিষয় লঙ্ঘন করলে তা “এডাল্ট লিডার অসদাচরণ বিধির” আওতায় অসদাচরণ হিসেবে গণ্য করা হবে।

আমি আমার আত্মমর্যাদার উপর নির্ভর করে এই ‘আচরণবিধি’ মেনে চলতে সম্মত আছি।



নাম : _____
পদবী : _____
স্কাউট আইডি : _____ মোবাইল : _____
ই-মেইল : _____
তারিখ : _____ স্বাক্ষর : _____

এডাল্ট রিসোর্সেস বিভাগ